

বালুয়াহাট/বন্দরঃ

৮নং রায়পুর ইউনিয়নের ঐতিহ্যবাহী স্থান “বালুয়াহাট”। রংপুরের পীরগঞ্জে সূর্য সিংহ রায় জমিদার বাড়ী থেকে পূর্বে প্রায় ২ কি.মি দূরে অবস্থিত ঐতিহ্যবাহী বালুয়াহাট। হাটটি বারোয়ারী হাট হিসেবেই পরিচিত। ব্রিটিশ আমলে গাইবান্ধা, রংপুর, ঠাকুরগাঁও, বগুড়া, দিনাজপুর সহ বিভিন্ন অঞ্চল থেকে বড় ব্যবসায়ীরা যানবাহন যোগে ও অনেকে হেটেই আসতেন এ হাটে। তারা হাট থেকে ধান, গম, পাট ইত্যাদি কিনে নিয়ে যেতেন। এছাড়াও এ হাট বর্তমানে বাংলাদেশের উত্তরবঙ্গের সর্ববৃহৎ কাঁচা মরিচের হাট। এখান থেকে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে কাঁচা মরিচ রপ্তানি করেও বিদেশে রপ্তানি করা হয়ে থাকে। পীরগঞ্জ উপজেলা সদর থেকে ১ কিলোমিটার পশ্চিমে এবং রংপুর-চাকা মহাসড়কে অবস্থিত পীরগঞ্জ বাসস্ট্যান্ড থেকে ০২ কিলোমিটার পশ্চিমে বালুয়া হাটের অবস্থান। চতুর্দিক থেকে অনেক রাস্তা সড়ক মিশেছে বালুয়া হাটে। এছাড়াও হাট হতে একটি সড়ক বালুয়া থেকে রায়পুর জমিদার বাড়ী মুখে চলে গেছে। এ হাট এলাকায় এক সময় বেশ কয়েকটি জমিদারদের হাতের বৃহৎ গাছ ছিল। প্রায় ০৮ বিঘা সরকারি জমির ওপর গড়ে উঠেছে বালুয়া হাটটি। কয়েক শত বছরের বেশি বয়স এ হাটের। রবিবার ও বুধবার সকাল ০৭ ঘটিকা থেকে রাত ১২ ঘটিকা পর্যন্ত হাটে বেচাকেনা চলে। এছাড়া প্রতিদিনই বসে বাজার। এক সময় রংপুর, গাইবান্ধা, দিনাজপুর, বগুড়া সহ বিভিন্ন অঞ্চল থেকে বড় ব্যবসায়ীরা যানবাহন যোগে এ হাটে আসতেন। তারা এ হাট থেকে ধান, পাট, গম কিনে বাহনে বহন করে নিয়ে যেতেন এবং দেশের বিভিন্ন অঞ্চলে রপ্তানি করতেন। বালুয়াহাটে ধান, চাল, পাট, গম, ভুট্টার ও কাঁচা মালের পৃথক আঁড়ৎ আছে। এখনও বিভিন্ন জেলা থেকে পাইকাড়ুরা হাটে আসেন। কেননা এ হাটে পণ্যের দাম তুলনা মূলক কম। সব ধরনের পণ্যই ফরমালিনমুক্ত ও টাটকা। বালুয়া হাটে গরু, মহিষ, ছাগল, ভেড়া, হাঁস, মুরগী, কুরুতর, মাছ, মাংস, ধান, চাল, পাট, গম, সরিষা, বিভিন্ন ধরনের ডালসহ সংসারের যাবতীয় জিনিস পাওয়া যায়। বিশেষ করে মিষ্টি আলু এবং রঙিন শাক-সবজি ও রবি শস্যের জন্য বিখ্যাত এই হাট। প্রতি বছর কয়েক শত কোটি টাকার পণ্য এলাকায় চাহিদা মিটিয়ে ঢাকাসহ বিভিন্ন শহরে রপ্তানি করে থাকে। এখানে স্লীপ প্রজেক্টের আওতায় একটি মহিলা মার্কেট আছে। যেখানে ১৪টি দোকান মহিলাদের নামে বরাদ্দ প্রদান করা হয়। বালুয়াহাট সংলগ্ন পশ্চিম পার্শ্বে রায়পুর বাজার নামক স্থানে অনেক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। যা জমিদার বাড়ী কোল ঘেঁষে অবস্থিত।

এই হাটে প্রায় ৫০০ (পাঁচশত) এর অধিক ছোট-বড়, ও ক্ষুদ্র ব্যবসায়ী রহিয়াছে। সপ্তাহে দুইদিন হাট ও প্রতিদিন বাজার এর কারণে বালুয়াহাটে প্রচুর জন সাধারণের আগমন ঘটে। বর্তমান চেয়ারম্যান মোঃ সাইদুর রহমান চৌধুরী-এর ব্যবস্থাপনায় ইউনিয়ন পরিষদ উন্নয়ন তহবিল হইতে জনস্বার্থে জন নিরাপত্তায় গ্রাম পুলিশ দ্বারা বালুয়াহাটটি সার্বক্ষণিক তদারকি করা হয়।

* বালুয়াহাট বনিক সমিতি

* বালুয়াহাট ধান ব্যবসায়ী কল্যাণ সংস্থা

* ইউনিয়ন মৎসজীবী সমবায় সমিতি লিঃ

